**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৭/২০১৭**

**ঢাকা, সোমবার ৬ মার্চ ২০১৭, ২২ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ইন্ডিয়ান ওসান রিম অ্যাসোসিয়েশনে যোগ দিতে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ

২। ট্রানজিট সুবিধায় কোনো দেশকে পণ্য পরিবহণের সুযোগ দেওয়া হয়নি : অর্থমন্ত্রী

৩। স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে স্বাধীনতা বিরোধীরা নয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশ

৪। প্রতিটি পত্রিকা অফিসের নিজস্ব নীতিমালা তৈরি করতে হবে : তথ্যমন্ত্রী

৫। মোবাইল কোম্পানি থেকে ২৪ হাজার কোটি টাকা রাজস্ব আদায়
: ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৬। প্রধানমন্ত্রী কন্যার প্রতিষ্ঠান সূচনা ফাউন্ডেশনের সঙ্গে পিএটিসির সমঝোতা স্মারক স্বাক্ষর

৭। উগ্রপন্থী সংগঠন আনসার আল ইসলাম নিষিদ্ধ

৮। দেশের ১৬টি উপজেলায় আজ নির্বাচন

৯। মেয়াদোত্তীর্ণ যানবাহনের বিরুদ্ধে অভিযান শুরু ঢাকা দক্ষিণের

১০। আজ জাতীয় পাট দিবস

১। **ইন্ডিয়ান ওসান রিম অ্যাসোসিয়েশনে যোগ দিতে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্ডিয়ান ওসান রিম অ্যাসোসিয়েশনের (আইওআরএ) ২০তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত নেতাদের শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ তিনদিনের সরকারি সফরে ইন্দোনেশিয়ার জাকার্তার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন। ভারত মহাসাগরের তীরবর্তী ২১টি দেশ নিয়ে আন্তর্জাতিক সংস্থা আইওআরএ গঠিত হয়েছে। সফরকালে প্রধানমন্ত্রী ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো ওইডুডু এবং শ্রীলঙ্কার প্রেসিডেন্ট মৈত্রীপালা শ্রীসেনার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

২। **ট্রানজিট সুবিধায় কোনো দেশকে পণ্য পরিবহণের সুযোগ দেওয়া হয়নি : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান ‘প্রটোকল অন ইনল্যান্ড ওয়াটার ট্রানজিট অ্যান্ড ট্রেড (পিআইডব্লিইটিটি)’র আওতায় ট্রান্সশিপমেন্ট সুবিধায় ভারত থেকে পণ্য পরিবাহিত হয়। ট্রানজিট সুবিধার আওতায় বাংলাদেশের ভেতর দিয়ে কোনো দেশকে পণ্য পরিবহণের সুযোগ অদ্যাবধি দেওয়া হয়নি। গতকাল ৫ মার্চ রোববার দশম জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ২৬তম কার্যদিবসে সরকারি দলের সদস্য নুরুন্নবী চৌধুরীর এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

৩। **স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে স্বাধীনতা বিরোধীরা নয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশ**

স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে স্বাধীনতাবিরোধী ও বিতর্কিত ব্যক্তিদের যাতে রাখা না হয় সে বিষয়ে সতর্ক করে দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, আসন্ন স্বাধীনতা দিবসে পতাকার যত্রতত্র ব্যবহার রোধেও নির্দেশনা দেওয়া হবে। ২৬ মার্চ স্বাধীনতা দিবসের নিরাপত্তা প্রস্তুতি নিয়ে গতকাল ৫ মার্চ রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় বৈঠকের পর মন্ত্রী এ কথা জানান। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.৫**)**, **সংবাদ** (শেষ পৃ.,ক.৩**)**, **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৪। **প্রতিটি পত্রিকা অফিসের নিজস্ব নীতিমালা তৈরি করতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সরকারি নীতিমালার বাইরেও প্রতিটি পত্রিকা অফিসের নিজস্ব নীতিমালা থাকতে হবে। প্রতিটি পত্রিকা অফিসে সাংবাদিকদের কোন নীতি মেনে চাকরিতে যোগদান করানো হচ্ছে, কোন স্কেলে বেতন দেওয়া হচ্ছে, কোন ক্ষমতাবলে ও কি কারণে চাকুরিচ্যুত করা হচ্ছে তা সুনির্দিষ্ট ও স্পষ্ট নীতিমালা থাকতে হবে। গতকাল ৫ মার্চ রোববার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ‘নারী পুরুষের বৈষম্যহীন গণমাধ্যম চাই’ শীর্ষক আলোচনা সভায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.২**)**, **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.৪,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

৫। **মোবাইল কোম্পানি থেকে ২৪ হাজার কোটি টাকা রাজস্ব আদায় : ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

মোবাইল কোম্পানিগুলো থেকে সরকার গত **১**৬ বছরে ২৪ হাজার ৫৯৬ কোটি ৪**১** লাখ টাকা রাজস্ব আদায় করেছে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। গতকাল ৫ মার্চ রোববার সংসদে এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩**)**, **ইনকিলাব** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

৬। **প্রধানমন্ত্রী কন্যার প্রতিষ্ঠান সূচনা ফাউন্ডেশনের সঙ্গে পিএটিসির সমঝোতা স্মারক স্বাক্ষর**

নিউরো ডেভেলপমেন্ট ডিজঅর্ডারে (এনডিডি) আক্রান্ত নাগরিক অধিকার বিষয়ক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষানবীশ সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণ দেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুলের প্রতিষ্ঠান সূচনা ফাউন্ডেশন। গতকাল ৫ মার্চ রোববার বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এবং সূচনা ফাউন্ডেশনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠিত হয়। সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা ও বাংলাদেশের অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন এবং বিশ্ব

স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) মানসিক স্বাস্থ্যবিষয়ক উপদেষ্টা প্যানেলের সদস্য সায়মা ওয়াজেদ হোসেন পুতুল। সূত্র- **ইনকিলাব** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।



**৭। উগ্রপন্থী সংগঠন আনসার আল ইসলাম নিষিদ্ধ**

দেশে উগ্রপন্থী ইসলামী সংগঠন 'আনসার আল ইসলাম' এর সব ধরনের কর্মকান্ড সরকার নিষিদ্ধ ঘোষণা করেছে। সাম্প্রতিক কয়েকটি গুপ্তহত্যার ঘটনায় দায়ী করা হচ্ছে এই জঙ্গি সংগঠনটিকে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ গতকাল ৫ মার্চ রোববার এক বিজ্ঞপ্তিতে এই নিষেধাজ্ঞার কথা জানায়। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.৩,ক.১)।

**৮। দেশের ১৬টি উপজেলায় আজ নির্বাচন**

বাংলাদেশের সাত বিভাগের ১৬টি উপজেলা ও চারটি পৌরসভায় বিভিন্ন পদে আজ ভোট হচ্ছে। এ নির্বাচন ঘিরে নতুন নির্বাচন কমিশন সব ধরনের প্রস্তুতি শেষ করেছেন। প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদার নেতৃত্বে নতুন নির্বাচন কমিশন যাত্রা শুরুর পর একসঙ্গে একাধিক স্থানে নির্বাচন এটাই প্রথম। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৯। মেয়াদোত্তীর্ণ যানবাহনের বিরুদ্ধে অভিযান শুরু ঢাকা দক্ষিণের**

২০ বছরের পুরনো মেয়াদোত্তীর্ণ যানবাহনের বিরুদ্ধে অভিযান শুরু করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। গতকাল ৫ মার্চ রোববার গুলিস্তান বঙ্গবন্ধু এভিনিউয়ের সামনের সড়কে মেয়র মোহাম্মদ সাঈদ খোকন একটি ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে এই কার্যক্রম শুরু করেন। একই কার্যক্রমের অংশ হিসেবে মতিঝিল ও ফকিরাপুলে এ আদালত আরও দুইটি অভিযান চালায়। সূত্র-**সংবাদ** (পৃ. ১, ক. ৪)। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪)।

**১০। আজ জাতীয় পাট দিবস**

'সোনালি আঁশের সোনার দেশ, পাট পণ্যের বাংলাদেশ' প্রতিপাদ্য নিয়ে আজ ৬ মার্চ সোমবার দেশে প্রথমবারের মতো পালিত হচ্ছে 'জাতীয় পাট দিবস-২০১৭'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল ৫ মার্চ রোববার এক বাণীতে বলেছেন, পাট শিল্পের সাথে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি জড়িত। দেশীয় সংস্কৃতি ও কৃষ্টির সাথে মানানসই পাট ও পাটজাত পণ্য দেশে যেমন গুরুত্বের দাবিদার, তেমনি বিশ্ব বাজারেও এটি এখন অনন্য পরিবেশবান্ধব পণ্য হিসেবে সমাদৃত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক বাণীতে পাটজাত সামগ্রী ব্যবহার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, সরকার পাটখাতের উন্নয়নের জন্য সর্বাত্মক উদ্যোগ নিয়েছে। দিবসটি উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করেছে বস্ত্র ও পাট মন্ত্রণালয়। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** কিশোর অপরাধে মাদকাসক্তির বিপজ্জনক প্রভাব থাকায় মাদকাসক্তি থেকে শিশু-কিশোরদের রক্ষায় দেশে খেলাধুলা ও সংস্কৃতিচর্চার সুষ্ঠু পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সংবাদ, ডেইলি স্টার :** জঙ্গিবাদবিরোধী অভিযানের নামে মানুষের অধিকার যেন ক্ষুণ্ন না হয় সে বিষয়ে কর্তৃপক্ষকে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ :** দেশের মোট খাদ্য সরবরাহের ১০ দশমিক ৩১ শতাংশ মাংস ও ডিম পোল্ট্রি খাত থেকে আসার পরিপ্রেক্ষিতে এই শিল্পের উন্নয়নে সরকারি সহায়তা প্রদান জরুরি বলে অভিমত।

ঘ. **প্রথম আলো, সমকাল, নিউ এজ :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি ছাত্র সংসদ নির্বাচন সম্পর্কে যা বলেছেন তাকে আমলে নিয়ে অবিলম্বে ডাকসুসহ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচনের বিষয়ে সরকার যথাযথ সিদ্ধান্ত নেবেন বলে প্রত্যাশা ব্যক্ত ।

ঙ. **সমকাল :** নড়াইলের লোহাগড়া উপজেলার নোয়াগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজে রডের বদলে বাঁশ ব্যবহার হওয়ায় এ ধরনের ঘটনায় সংশ্লিষ্ট ঠিকাদার, তদারকী ব্যক্তিসহ সবাইকে জবাবদিহির আওতায় আনাসহ দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার আহ্বান।

চ. **যুগান্তর, ভোরের কাগজ :** রোগীদের জিম্মি করে ইন্টার্ন চিকিৎসকদের কার্মবিরতির বিষয় তুলে ধরে সরকারি হাসপাতালে চিকিৎসা নিতে আসা সাধারণ মানুষ যেন হয়রানির শিকার না হন তা নিশ্চিত করার পাশাপাশি সংঘবদ্ধ চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ভারতের কারাগারে তিন বছর কারাভোগের পর ১২ বাংলাদেশি তরুণীর দেশে ফিরে আসার ঘটনা তুলে ধরে এসব নারীদের দুর্ভোগ কাটিয়ে উঠতে আর্থিক, মানসিক ও নৈতিক সমর্থন ও সহায়তা প্রদানের ওপর গুরুত্বারোপ।



জ. **ডেইলি সান :** শিক্ষার্থীদের কোচিং বাণিজ্যের হাত থেকে রক্ষা করতে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণীকক্ষে যথাযথভাবে পাঠদানের ব্যবস্থা করার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রয়োগের আহ্বান।

ঝ. **ডেইলি স্টার :** প্রতি বছর ক্যান্সার আক্রান্ত ১ লক্ষ ২১ হাজার লোকের মধ্যে ৯১ হাজার জন মারা যাওয়ায় জেলা পর্যায়ে রোগীদের প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয় করে যথাযথ চিকিৎসার ব্যবস্থা করার প্রত্যাশা।

ঞ. **নিউ নেশন :** দেশের ২৯ লাখ তালিকাভুক্ত যানবাহনের বিপরীতে মাত্র ১৯ লাখ গাড়ি চালকের বৈধ লাইসেন্স থাকায় সড়ক দুর্ঘটনা কমাতে দক্ষ ও অভিজ্ঞ গাড়ি চালকের সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে নব গঠিত নির্বাচন কমিশন তাদের সততা, নিষ্ঠা, নিরপেক্ষতা ও সাহসিকতা প্রদর্শন করে পরবর্তী সংসদ নির্বাচনকে বিতর্কমুক্ত ও গ্রহণযোগ্য করে তুলতে সক্ষম হবে বলে আশা প্রকাশ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘নারীর প্রতি সহিংসতা রোধে পারিবারিক শিক্ষার বিকল্প নেই’** শিরোনামের নিবন্ধে সীমান্ত প্রধান নারীর প্রতি সহিংসতা কমাতে পরিবার তথা সমাজ থেকে বৈষম্যমূলক আচরণ দূর করতে হবে এবং বৈষম্যহীন শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

সাহেলা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা